

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫৬৯
ধর্মনগর, ১২ জানুয়ারি, ২০২৪

ধর্মনগরে স্বামী বিবেকানন্দের জন্মজয়ন্তী উদযাপিত

স্বামী বিবেকানন্দের জন্মজয়ন্তী উপলক্ষে আজ ধর্মনগরে এক শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিবেকানন্দ স্বর্ধ শতবার্ষিকী ভবনে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন। ধর্মনগর মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়, বিদ্যালয় শিক্ষা দপ্তর এবং ধর্মনগর পুর পরিষদের উদ্যোগে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করে বিধানসভার অধ্যক্ষ বিবেকানন্দের জীবনাদর্শ নিয়ে আলোকপাত করে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক যাদবলাল নাথ, সমাজসেবী শ্যামল নাথ, জেলা শিক্ষা আধিকারিকের কার্যালয়ের ওএসডি সমীর রঞ্জন নাথ, ডেপুটি কালেক্টর সঞ্জীব দেবনাথ, বরিষ্ঠ তথ্য আধিকারিক সঞ্জীব কুমার দাস, বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষক প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন প্রদ্যোৎ দে সরকার। অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেয়।
